গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

সচিব, ডাক ও টেলিযোগাযোগ বিভাগ

এবং

মন্ত্রিপরিষদ সচিব-এর মধ্যে স্বাক্ষরিত

# বার্ষিক কর্মসম্পাদন চুক্তি

জুলাই ১, ২০১৬ - জুন ৩০, ২০১৭

# সূচিপত্র

মন্ত্রণালয়/বিভাগের কর্মসম্পাদনের সার্বিকচিত্র ........ ৩

প্রস্তাবনা ........ ৪

সেকশন ১: মন্ত্রণালয়/বিভাগের রূপকল্প (Vision), অভিলক্ষ্য (Mission), কৌশলগত উদ্দেশ্যসমূহ এবং কার্যাবলি ........ ৫

সেকশন ২: মন্ত্রণালয়/বিভাগের বিভিন্ন কার্যক্রমের চূড়ান্ত ফলাফল/প্রভাব (Outcome/Impact) ........ ৬

সেকশন ৩: কৌশলগত উদ্দেশ্য, অগ্রাধিকার, কার্যক্রম, কর্মসম্পাদন সূচক এবং লক্ষ্যমাত্রাসমূহ ........ ৭

সংযোজনী ১: শব্দসংক্ষেপ (Acronyms) ........ ১৫

সংযোজনী ২: কর্মসম্পাদন সূচকসমূহ, বাস্তবায়নকারী দপ্তর/সংস্থাসমূহ এবং পরিমাপ পদ্ধতি ........ ১৬

সংযোজনী ৩: কর্মসম্পাদন লক্ষ্যমাত্রা অর্জনের ক্ষেত্রে অন্যান্য মন্ত্রণালয়/বিভাগের উপর নির্ভরশীলতা ........ ১৯

## মন্ত্রণালয়/বিভাগের কর্মসম্পাদনের সার্বিক চিত্র
## (Overview of the Performance of the Ministry/Division)

**সাম্প্রতিক অর্জন, চ্যালেঞ্জ এবং ভবিষ্যত পরিকল্পনা**

**সাম্প্রতিক বছরসমূহের (৩ বছর) প্রধান অর্জনসমূহ:**

আধুনিক তথ্য প্রযুক্তির সর্বোত্তম ব্যবহারের মাধ্যমে সাশ্রয়ী ও নির্ভরযোগ্য ডাক ও টেলিযোগাযোগ সেবা জনগণের দোরগোড়ায় পৌঁছানোর দায়িত্ব ডাক ও টেলিযোগাযোগ বিভাগের ওপর ন্যস্ত । ডাক ও টেলিযোগাযোগ সেবা যুগপোযোগীকরণ ও আধুনিক প্রযুক্তি অভিযোজনের লক্ষ্যে প্রকল্প গ্রহণ, বাস্তবায়ন, দেশের প্রত্যন্ত অঞ্চলকে ব্রডব্যান্ড নেটওয়ার্কের আওতায় আনয়ন, টেলিযোগাযোগ সংক্রান্ত আইন ও নীতিমালা প্রণয়ন, আইটিইউ (ITU) ও ইউপিইউ (UPU) সহ আন্তর্জাতিক সংস্থাসমূহের সাথে সংযোগ রক্ষা করে ডাক ও টেলিযোগাযোগ সেবা আধুনিকায়নে এ বিভাগ নিরলসভাবে কাজ করে যাচ্ছে। বিগত তিন বছরে সকল জেলা, উপজেলা ও ইউনিয়নসমূহকে অপটিক্যাল ফাইবার নেটওয়ার্কের আওতায় আনয়নের লক্ষ্যে গৃহীত প্রকল্পসমূহের আওতায় প্রায় ১২০০০ কি: মি: অপটিক্যাল ফাইবার স্থাপন করা হয়েছে। ইন্টারনেটের ব্যাপ্তি বৃদ্ধির লক্ষ্যে ব্যান্ডউইডথ মূল্য ১৮০০০ টাকা থেকে হ্রাস করে ৪০০ টাকা করা হয়েছে। সকল মোবাইল ফোন অপারেটর-এর মাধ্যমে 3G সেবা চালু করা হয়েছে। টেলিটকের মাধ্যমে সর্বপ্রথম 3G সেবা চালু করা হয় এবং উক্ত কোম্পানীর মাধ্যমে শিক্ষা প্রতিষ্ঠানে ভর্তি পরীক্ষার ফলাফল প্রকাশ, স্বাস্থ্য, কৃষি, মোবাইল ব্যাংকিং, দুর্যোগ ব্যবস্থাপনা ইত্যাদি কার্যক্রম চালু করা হয়েছে। ভারতের সঙ্গে ব্যান্ডউইডথ লিজ প্রদানের চুক্তি স্বাক্ষর করা হয়েছে এবং ব্যান্ডউইডথ ব্যবহার কার্যকর করা হয়েছে । টেলিফোন শিল্প সংস্থা কর্তৃক ল্যাপটপ, ডিজিটাল এনার্জি মিটার উৎপাদন চলছে। মেইলিং অপারেটর ও কুরিয়ার সার্ভিস বিধিমালা, ২০১৩ প্রণয়নের মাধ্যমে কুরিয়ার সার্ভিস সেবাখাতে জবাবদিহিতা প্রতিষ্ঠা এবং ৫৫০০ টি ডাকঘরকে পোস্ট-ই-সেন্টার-এ রূপান্তরিত করা হয়েছে। ৪৫০০ টি ডাকঘরে পোস্টাল ক্যাশকার্ড ও ৭০০০ টি ডাকঘরে ইলেকট্রনিক মানি ট্রান্সফার সার্ভিস (ইএমটিএস) চালুকরা হয়েছে। টেলিডেনসিটি ৮১.৬৫% এবং ইন্টারনেট পেনিট্রেশন ৩৮.২৩% অর্জিত হয়েছে।

**সমস্যা এবং চ্যালেঞ্জসমূহ:**

প্রতিনিয়ত টেলিযোগাযোগ খাতে প্রযুক্তিগত পরিবর্তনের ফলে আইন, পলিসি ও গাইডলাইন যুগপোযোগীকরণ ও যথাসময়ে নতুন প্রযুক্তির অভিযোজন একটি বড় চ্যালেঞ্জ। ডাক বিভাগের পরিবহণ ব্যবস্থা আধুনিকায়ন ও আধুনিক মেইল প্রসেসিং সেন্টার স্থাপনের মাধ্যমে ডাক সেবা প্রদানের উদ্যোগ নেয়া প্রয়োজন। যোগাযোগের ক্ষেত্রে মোবাইল ও ইন্টারনেট নতুন ভূমিকায় অবতীর্ণ হওয়ায় ডাক বিভাগকে প্রতিনিয়ত সেবা বহুমুখীকরণের প্রচেষ্টা গ্রহণ করতে হচ্ছে।

**ভবিষ্যৎ পরিকল্পনা:**

সাশ্রয়ী, মানসম্পন্ন ও আন্তর্জাতিক মানের টেলিযোগাযোগ ও ডাক সেবা নিশ্চিতকরণের লক্ষ্যে সকল ইউনিয়নে অপটিক্যাল ফাইবার কেবল নেটওয়ার্ক স্থাপন, ইন্টারনেট ব্যান্ডউইডথের মূল্য হ্রাসকরণ, 4G নেটওয়ার্ক চালুকরণ, “বঙ্গবন্ধু স্যাটেলাইট” উৎক্ষেপণ এবং সকল পোস্ট অফিসকে ই-সেন্টার-এ রূপান্তরের পরিকল্পনা এ বিভাগের রয়েছে।

**২০১৬-১৭ অর্থবছরের সম্ভাব্য প্রধান অর্জনসমূহ:**

- ৫০০০ কি: মি: অপটিক্যাল ফাইবার কেবল স্থাপন;
- ২৪০০০০ ফাইবার কি: মি: অপটিক্যাল ফাইবার কেবল উৎপাদন;
- ১০০০০ ল্যাপটপ প্রস্তুত;
- ৫০০০০ ডিজিটাল এনার্জি মিটার উৎপাদন;
- 3G নেটওয়ার্ক সম্প্রসারণের জন্য ৫০০ নতুন নোড-বি স্থাপন;
- 3G নেটওয়ার্ক সম্প্রসারণের জন্য ৪০০ বিটিএস স্থাপন;
- ব্যান্ডউইডথ বিক্রয় ৩০ Gbps পরিমাণ বৃদ্ধি এবং
- ৩০০০ টি পোস্ট অফিসকে পোস্ট-ই-সেন্টারে রূপান্তর।

# উপক্রমণিকা (Preamble)

মন্ত্রণালয়/বিভাগসমূহ এবং আওতাধীন দপ্তর/সংস্থাসমূহের প্রাতিষ্ঠানিক দক্ষতা বৃদ্ধি, স্বচ্ছতা ও জবাবদিহি জোরদার করা, সুশাসন সংহতকরণ এবং সম্পদের যথাযথ ব্যবহার নিশ্চিতকরণের মাধ্যমে রূপকল্প ২০২১ এর যথাযথ বাস্তবায়নের লক্ষ্যে-

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের ডাক, টেলিযোগাযোগ ও তথ্যপ্রযুক্তি মন্ত্রণালয়-এর দায়িত্বে নিয়োজিত মাননীয় মন্ত্রীর প্রতিনিধি হিসাবে সচিব, ডাক ও টেলিযোগাযোগ বিভাগ

এবং

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রীর প্রতিনিধি হিসাবে মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ-এর মধ্যে ২০১৬ সালের আগস্ট মাসের ০৪ তারিখে এই বার্ষিক কর্মসম্পাদন চুক্তি স্বাক্ষরিত হল।

এই চুক্তিতে স্বাক্ষরকারী উভয়পক্ষ নিম্নলিখিত বিষয়সমূহে সম্মত হলেন:

## সেকশন ১

## মন্ত্রণালয়/বিভাগের রূপকল্প (Vision), অভিলক্ষ্য (Mission), কৌশলগত উদ্দেশ্যসমূহ এবং কার্যাবলি

**১.১ রূপকল্প (Vision):**

সাশ্রয়ী, সর্বজনীন এবং নির্ভরযোগ্য টেলিযোগাযোগ ও ডাক সেবা।

**১.২ অভিলক্ষ্য (Mission)**

প্রাতিষ্ঠানিক উন্নয়ন ও আধুনিক প্রযুক্তি অভিযোজনের মাধ্যমে সাশ্রয়ী, মানসম্পন্ন ও আন্তর্জাতিক মানের টেলিযোগাযোগ ও ডাকসেবা নিশ্চিতকরণ।

**১.৩ কৌশলগত উদ্দেশ্যসমূহ (Strategic Objectives)**

**১.৩.১ মন্ত্রণালয়/ বিভাগের কৌশলগত উদ্দেশ্যসমূহ**

১. টেলিযোগাযোগ সেবার আধুনিকায়ন ও সম্প্রসারণ

২. ডাক সেবার আধুনিকায়ন, আইসিটিভিত্তিক ডাকসেবার সম্প্রসারণ ও সেবা বহুমুখীকরণ

**১.৩.২ আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যসমূহ**

১. দক্ষতার সঙ্গে বার্ষিক কর্মসম্পাদন চুক্তি বাস্তবায়ন নিশ্চিত করা

২. কার্যপদ্ধতি ও সেবার মানোন্নয়ন

৩. দক্ষতা ও নৈতিকতার উন্নয়ন

৪. কর্ম পরিবেশ উন্নয়ন

৫. তথ্য অধিকার ও স্বপ্রণোদিত তথ্য প্রকাশ বাস্তবায়ন জোরদার করা

৬. আর্থিক ব্যবস্থাপনার উন্নয়ন

**১.৪ কার্যাবলি (Functions)**

১. সারাদেশে টেলিযোগাযোগ নেটওয়ার্ক স্থাপন ও রক্ষণাবেক্ষণ

২. টেলিযোগাযোগ সেবা প্রদান

৩. ডাক সেবা প্রদান

৪. টেলিযোগাযোগ সরঞ্জামাদি সরবরাহ

৫. ডাকঘরের মাধ্যমে সঞ্চয় সেবা প্রদান

৬. ডাকঘরের মাধ্যমে জীবন বীমা সেবা প্রদান

## সেকশন ২

## মন্ত্রণালয়/বিভাগের বিভিন্ন কার্যক্রমের চূড়ান্ত ফলাফল/প্রভাব (Outcome/Impact)

| চূড়ান্ত ফলাফল/প্রভাব | চূড়ান্ত ফলাফল সূচক | একক | ভিত্তি বছর ২০১৪-২০১৫ | প্রকৃত অর্জন* ২০১৫-২০১৬ | লক্ষ্যমাত্রা ২০১৬-২০১৭ | প্রক্ষেপণ | | নির্ধারিত লক্ষ্যমাত্রা অর্জনের ক্ষেত্রে যৌথভাবে দায়িত্বপ্রাপ্ত মন্ত্রণালয়/বিভাগ/ সংস্থাসমূহের নাম | উপাত্তসূত্র |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | ২০১৭-২০১৮ | ২০১৮-২০১৯ | | |
| টেলিডেনসিটি বৃদ্ধি | টেলিডেনসিটি | % | ৮০ | ৮১.৬৫ | ৮২ | ৮৩ | ৮৪ | বিটিসিএল, টেলিটক বাংলাদেশ লি: | বিটিআরসি'র বার্ষিক প্রতিবেদন |
| ইন্টারনেট পেনেট্রেশন বৃদ্ধি | ইন্টারনেট পেনেট্রেশন | % | ৩০ | ৩৮.২৩ | ৪৩ | ৪৫ | ৪৮ | বিটিসিএল, বিএসসিসিএল, টেলিটক বাংলাদেশ লি: | বিটিআরসি'র বার্ষিক প্রতিবেদন |
| ডিজিটাল পোস্টাল সেবার আওতা বৃদ্ধি | ডিজিটাল পোস্টাল সেবা প্রদানকারী অফিসের হার | % | ২৫ | ৪৯ | ৮০ | ৯০ | ১০০ | ডাক অধিদপ্তর | ডাক অধিদপ্তরের বার্ষিক প্রতিবেদন |

*সাময়িক (provisional) তথ্য

## সেকশন ৩

## কৌশলগত উদ্দেশ্য, অগ্রাধিকার, কার্যক্রম, কর্মসম্পাদন সূচক এবং লক্ষ্যমাত্রাসমূহ

| কৌশলগত উদ্দেশ্য | কৌশলগত উদ্দেশ্যের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | একক | কর্মসম্পাদন সূচকের মান | ভিত্তি বছর ২০১৪-২০১৫ | প্রকৃত অর্জন* ২০১৫-২০১৬ | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০১৬-২০১৭ | | | | | প্রক্ষেপণ ২০১৭-২০১৮ | প্রক্ষেপণ ২০১৮-২০১৯ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| মন্ত্রণালয়/ বিভাগের কৌশলগত উদ্দেশ্যসমূহ | | | | | | | | | | | | | | |
| [১] টেলিযোগাযোগ সেবার আধুনিকায়ন ও সম্প্রসারণ | ৫০ | [১.১] অপটিক্যাল ফাইবার কেবল নেটওয়ার্ক উন্নয়ন | [১.১.১] নেটওয়ার্ক এর দৈর্ঘ্য | কি: মি: | ৯.০০ | ২৮৭০ | ৮৪০০ | ৫১৯০ | ৫১০০ | ৫০০০ | ৪৯০০ | ৪৮০০ | ৩০০০ | ৪০০০ |
| | | [১.২] ব্যাকহল সার্ভিস-এর ব্যবহার বৃদ্ধি | [১.২.১] ব্যবহৃত ব্যাকহল ব্যান্ডউইডথ | Gbps | ৩.০০ | ৪০ | ৯০ | ৫০ | ৪৮ | ৪৬ | ৪৩ | ৪০ | ৮০ | ৭০ |
| | | [১.৩] ইন্টারনেট সার্ভিস-এর ব্যবহার বৃদ্ধি | [১.৩.১] ব্যবহৃত ইন্টারনেট ব্যান্ডউইডথ | Gbps | ২.০০ | ৮ | ৩২ | ৫০ | ৪৭ | ৪৪ | ৪২ | ৪০ | ৭০ | ৮০ |
| | | [১.৪] ADSL সার্ভিস | [১.৪.১] ADSL সংযোগ | সংখ্যা | ১.০০ | ২০০০ | ৩৫০০ | ৪৫০০ | ৪৩০০ | ৪২০০ | ৪১০০ | ৪০০০ | ৭০০০ | ১০০০০ |
| | | [১.৫] 3G ও 2G নেটওয়ার্ক সম্প্রসারণ | [১.৫.১] স্থাপিত Node-B | সংখ্যা | ৫.০০ | ৬০০ | ৫১০ | ৫০০ | ৪৯০ | ৪৮০ | ৪৭০ | ৪৫০ | ১০০০ | ২০০০ |
| | | | [১.৫.২] স্থাপিত BTS | সংখ্যা | ৫.০০ | ৮০০ | ৪০৫ | ৪০০ | ৩৯০ | ৩৮০ | ৩৭০ | ৩৫০ | ১০০০ | ১২০০ |
| | | [১.৬] ভ্যালু অ্যাডেড সার্ভিস সম্প্রসারণ | [১.৬.১] মোবাইলের মাধ্যমে গৃহীত ভর্তির আবেদন | সংখ্যা (লক্ষ) | ১.৫০ | ১৫ | ৭০ | ৭৫ | ৭০ | ৬৫ | ৬০ | ৫৫ | ৭৭ | ৮০ |

| কৌশলগত উদ্দেশ্য | কৌশলগত উদ্দেশ্যের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | একক | কর্মসম্পাদন সূচকের মান | ভিত্তি বছর ২০১৪-২০১৫ | প্রকৃত অর্জন* ২০১৫-২০১৬ | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০১৬-২০১৭ | | | | | প্রক্ষেপণ ২০১৭-২০১৮ | প্রক্ষেপণ ২০১৮-২০১৯ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| মন্ত্রণালয়/ বিভাগের কৌশলগত উদ্দেশ্যসমূহ | | | | | | | | | | | | | | |
| | | [১.৬] ভ্যালু অ্যাডেড সার্ভিস সম্প্রসারণ | [১.৬.২] মোবাইলের মাধ্যমে পরিশোধিত ইউটিলিটি বিল | সংখ্যা (লক্ষ) | ১.৫০ | ৫০ | ৮০ | ৮৫ | ৮০ | ৭৫ | ৭০ | ৬৫ | ৯০ | ১০০ |
| | | | [১.৬.৩] অনলাইনে সম্পাদিত ছাত্র ভর্তির রেজিস্ট্রেশান | সংখ্যা (লক্ষ) | ১.০০ | ২০ | ২৫ | ৩০ | ২৭ | ২৪ | ২১ | ১৮ | ৩২ | ৩৫ |
| | | [১.৭] টেলিযোগাযোগ পণ্য ও সরঞ্জামাদি উৎপাদন | [১.৭.১] উৎপাদিত অপটিক্যাল ফাইবার কেবল | এফকেএম (লক্ষ) | ৮.০০ | ১.৪৯ | ২.০০ | ২.৪০ | ২.২৫ | ২.০০ | ১.৯০ | ১.৮০ | ২.৫০ | ২.৬০ |
| | | | [১.৭.২] উৎপাদিত/সংযোজিত ল্যাপটপ | সংখ্যা | ৪.০০ | ১৭৮০ | ১১০৪৩ | ১০০০০ | ৯৭০০ | ৯৪০০ | ৯০০০ | ৮০০০ | ১০০০০ | ১০০০০ |
| | | | [১.৭.৩] উৎপাদিত/সংযোজিত ডিজিটাল মিটার | সংখ্যা | ২.০০ | ৩৫৬০০ | ১৬০৭১ | ৫০০০০ | ৪৭০০০ | ৪৫০০০ | ৪২০০০ | ৪০০০০ | ৫০০০০ | ৫০০০০ |
| | | | [১.৭.৪] উৎপাদিত/সংযোজিত টেলিফোন সেট | সংখ্যা | ১.০০ | ৫৮০০ | ৩০৯০ | ৫০০০ | ৪৭০০ | ৪৫০০ | ৪২০০ | ৪০০০ | ৫০০০ | ৫০০০ |
| | | | [১.৭.৫] উৎপাদিত/সংযোজিত পিএবিএক্স | সংখ্যা | ১.০০ | ৯ | ৬ | ১২ | ১১ | ১০ | ৯ | ৮ | ১২ | ১২ |
| | | [১.৮] আন্তর্জাতিক ডাটা ও ইন্টারনেট সংযোগ-এর বিক্রয় বৃদ্ধি | [১.৮.১] বিক্রয়কৃত ডাটা ও ইন্টারনেট | Gbps | ৫.০০ | ৮.৫১ | ৮৭ | ৩০ | ২৭ | ২৫ | ২৩ | ২০ | ৩০ | ৩৫ |

| কৌশলগত উদ্দেশ্য | কৌশলগত উদ্দেশ্যের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | একক | কর্মসম্পাদন সূচকের মান | ভিত্তি বছর ২০১৪-২০১৫ | প্রকৃত অর্জন* ২০১৫-২০১৬ | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০১৬-২০১৭ | | | | | প্রক্ষেপণ ২০১৭-২০১৮ | প্রক্ষেপণ ২০১৮-২০১৯ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| মন্ত্রণালয়/ বিভাগের কৌশলগত উদ্দেশ্যসমূহ | | | | | | | | | | | | | | |
| [২] ডাক সেবার আধুনিকায়ন, আইসিটিভিত্তিক ডাকসেবার সম্প্রসারণ ও সেবা বহুমুখীকরণ | ৩০ | [২.১] ডাক সেবার পরিধি সম্প্রসারণ | [২.১.১] আদান প্রদানকৃত জিইপি | সংখ্যা (লক্ষ) | ৩.৫০ | ২১ | ২৫ | ৩০ | ২৯ | ২৮ | ২৭ | ২৬ | ৪০ | ৫০ |
| | | | [২.১.২] আদান প্রদানকৃত চিঠিপত্র এবং পার্সেল | সংখ্যা (লক্ষ) | ২.০০ | ৮৩৫ | ৮৩৬ | ১২০০ | ১১৫০ | ১১০০ | ১০৫০ | ১০০০ | ১৫০০ | ২০০০ |
| | | [২.২] ইলেক্ট্রনিক মানি অর্ডার সার্ভিসের ক্ষেত্র সম্প্রসারণ | [২.২.১] বৃদ্ধিপ্রাপ্ত ইলেকট্রনিক মানি অর্ডার সার্ভিস প্রদানকারী পোস্ট অফিস এবং ই-সেন্টার | সংখ্যা | ৩.৫০ | ২৭৭৩ | ২৭২৭ | ৩০০০ | ২৯০০ | ২৮৫০ | ২৮০০ | ২৭৫০ | ৭০০ | ৬৮৬ |
| | | [২.৩] পোস্টাল ক্যাশকার্ডের ক্ষেত্র সম্প্রসারণ | [২.৩.১]পোস্টালক্যাশকার্ড সার্ভিস প্রদানকারী পোস্ট অফিস/পোস্ট ই-সেন্টার | সংখ্যা | ৩.৫০ | ১৪৮৫ | ৪০১৫ | ৩০০০ | ২৯০০ | ২৮০০ | ২৭০০ | ২৬০০ | ৭০০ | ৬৮৬ |
| | | | [২.৩.২] বিক্রীত ম্যাগনেটিক স্ট্রিপ (Magnetic Strip) সম্বলিত পোস্টাল ক্যাশ কার্ড | সংখ্যা (লক্ষ) | ২.৫০ | ০.৭৩ | ১.০০ | ১.০০ | ০.৯৭ | ০.৯২ | ০.৯০ | ০.৮৫ | ২.০০ | ৫.০০ |
| | | [২.৪] আইসিটি ভিত্তিক ডিজিটাল ডাক সার্ভিস প্রদানের উদ্দেশ্যে পোস্ট ই-সেন্টারের সেবা সম্প্রসারণ | [২.৪.১] স্থাপিত পোস্ট-ই-সেন্টার | সংখ্যা | ৬.০০ | ১০২৩ | ৪৪৭৭ | ৩০০০ | ২৯০০ | ২৮০০ | ২৭০০ | ২৬০০ | ৭০০ | ৬৮৬ |
| | | [২.৫] ডিজিটাল পদ্ধতিতে আর্থিক লেনদেন সুবিধা নিশ্চিতকরণ | [২.৫.১] স্থাপিত এটিএম বুথ | সংখ্যা | ৩.৫০ | ৮ | ১৩ | ১৫ | ১৪ | ১৩ | ১২ | ১১ | ২০ | ২৫ |

| কৌশলগত উদ্দেশ্য | কৌশলগত উদ্দেশ্যের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | একক | কর্মসম্পাদন সূচকের মান | ভিত্তি বছর ২০১৪-২০১৫ | প্রকৃত অর্জন* ২০১৫-২০১৬ | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০১৬-২০১৭ | | | | | প্রক্ষেপণ ২০১৭-২০১৮ | প্রক্ষেপণ ২০১৮-২০১৯ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| মন্ত্রণালয়/ বিভাগের কৌশলগত উদ্দেশ্যসমূহ | | | | | | | | | | | | | | |
| | | [২.৫] ডিজিটাল পদ্ধতিতে আর্থিক লেনদেন সুবিধা নিশ্চিতকরণ | [২.৫.২] চালুকৃত পিওএস মেশিন | সংখ্যা | ২.৫০ | ২০৮৮ | ৩৪১২ | ৩০০০ | ২৯০০ | ২৮০০ | ২৭০০ | ২৬০০ | ৭০০ | ৬৮৬ |
| | | [২.৬] গ্রামীণ পোস্ট অফিস নির্মাণ | [২.৬.১] নির্মিত গ্রামীণ পোস্ট অফিস | সংখ্যা | ৩.০০ | ৯৬ | ১৮৫ | ৪০০ | ৩৭৫ | ৩৬০ | ৩২৫ | ৩০০ | | |

| কৌশলগত উদ্দেশ্য | কৌশলগত উদ্দেশ্যের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | একক | কর্মসম্পাদন সূচকের মান | ভিত্তি বছর ২০১৪-২০১৫ | প্রকৃত অর্জন* ২০১৫-২০১৬ | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০১৬-২০১৭ | | | | | প্রক্ষেপণ ২০১৭-২০১৮ | প্রক্ষেপণ ২০১৮-২০১৯ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যসমূহ | | | | | | | | | | | | | | |
| [১] দক্ষতার সঙ্গে বার্ষিক কর্মসম্পাদন চুক্তি বাস্তবায়ন নিশ্চিত করা | ৬ | [১.১] ২০১৬-১৭ অর্থবছরের খসড়া বার্ষিক কর্মসম্পাদন চুক্তি দাখিল | [১.১.১] নির্ধারিত সময়সীমার মধ্যে খসড়া চুক্তি দাখিলকৃত | তারিখ | ১.০০ | | | ১৫-০৫-২০১৬ | ১৬-০৫-২০১৬ | ১৭-০৫-২০১৬ | ১৮-০৫-২০১৬ | ১৯-০৫-২০১৬ | | |
| | | [১.২] ২০১৫-১৬ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির মূল্যায়ন প্রতিবেদন দাখিল | [১.২.১] নির্ধারিত তারিখে মূল্যায়ন প্রতিবেদন দাখিলকৃত | তারিখ | ১.০০ | | | ১৪-০৮-২০১৬ | ১৬-০৮-২০১৬ | ১৭-০৮-২০১৬ | ১৮-০৮-২০১৬ | ২১-০৮-২০১৬ | | |
| | | [১.৩] ২০১৬-১৭ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি বাস্তবায়ন পরিবীক্ষণ | [১.৩.১] ত্রৈমাসিক প্রতিবেদন প্রণীত ও দাখিলকৃত | সংখ্যা | ১.০০ | | | ৪ | ৩ | ২ | | | | |
| | | [১.৪] ২০১৬-১৭ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির অর্ধবার্ষিক মূল্যায়ন প্রতিবেদন দাখিল | [১.৪.১] নির্ধারিত তারিখে অর্ধবার্ষিক মূল্যায়ন প্রতিবেদন দাখিলকৃত | তারিখ | ১.০০ | | | ৩১-০১-২০১৭ | ০১-০২-২০১৭ | ০২-০২-২০১৭ | ০৫-০২-২০১৭ | ০৬-০২-২০১৭ | | |
| | | [১.৫] আওতাধীন দপ্তর/সংস্থার সঙ্গে ২০১৬-১৭ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি স্বাক্ষর | [১.৫.১] বার্ষিক কর্মসম্পাদন চুক্তি স্বাক্ষরিত | তারিখ | ১.০০ | | | ৩০-০৬-২০১৬ | | | | | | |
| | | [১.৬] বার্ষিক কর্মসম্পাদন চুক্তির সঙ্গে সংশ্লিষ্ট কর্মকর্তাদের প্রণোদনা প্রদান | [১.৬.১] বৈদেশিক প্রশিক্ষণে প্রেরিত কর্মকর্তা | সংখ্যা | ১.০০ | | | ৩ | ২ | ১ | | | | |

| কৌশলগত উদ্দেশ্য | কৌশলগত উদ্দেশ্যের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | একক | কর্মসম্পাদন সূচকের মান | ভিত্তি বছর ২০১৪-২০১৫ | প্রকৃত অর্জন* ২০১৫-২০১৬ | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০১৬-২০১৭ | | | | | প্রক্ষেপণ ২০১৭-২০১৮ | প্রক্ষেপণ ২০১৮-২০১৯ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যসমূহ | | | | | | | | | | | | | | |
| [২] কার্যপদ্ধতি ও সেবার মানোন্নয়ন | ৫ | [২.১] ই-ফাইলিং পদ্ধতি প্রবর্তন | [২.১.১] মন্ত্রণালয়/বিভাগে ই-ফাইলিং পদ্ধতি প্রবর্তিত | তারিখ | ১.০০ | | | ২৮-০২-২০১৭ | ৩০-০৩-২০১৭ | ৩০-০৪-২০১৭ | ৩১-০৫-২০১৭ | ২৯-০৬-২০১৭ | | |
| | | [২.২] পিআরএল শুরুর ২ মাস পূর্বে সংশ্লিষ্ট কর্মচারীর পিআরএল, ছুটি নগদায়ন ও পেনশন মঞ্জুরিপত্র যুগপৎ জারি নিশ্চিতকরণ | [২.২.১] পিআরএল শুরুর ২ মাস পূর্বে সংশ্লিষ্ট কর্মচারীর পিআরএল, ছুটি নগদায়ন ও পেনশন মঞ্জুরিপত্র যুগপৎ জারিকৃত | % | ১.০০ | | | ১০০ | ৯০ | ৮০ | | | | |
| | | [২.৩] সেবা প্রক্রিয়ায় উদ্ভাবন কার্যক্রম বাস্তবায়ন | [২.৩.১] মন্ত্রণালয়/বিভাগ এবং আওতাধীন দপ্তর/সংস্থায় অধিকসংখ্যক অনলাইন সেবা চালুর লক্ষ্যে সেবাসমূহের পূর্ণাঙ্গ তালিকা প্রণীত এবং অগ্রাধিকার নির্ধারিত | তারিখ | ১.০০ | | | ৩০-১১-২০১৬ | ০৭-১২-২০১৬ | ১৪-১২-২০১৬ | ২১-১২-২০১৬ | ২৮-১২-২০১৬ | | |
| | | | [২.৩.২] মন্ত্রণালয়/বিভাগ এবং আওতাধীন দপ্তর/সংস্থায় অধিকসংখ্যক সেবাপ্রক্রিয়া সহজীকরণের লক্ষ্যে সেবাসমূহের পূর্ণাঙ্গ তালিকা প্রণীত এবং অগ্রাধিকার নির্ধারিত | তারিখ | ১.০০ | | | ৩০-১১-২০১৬ | ০৭-১২-২০১৬ | ১৪-১২-২০১৬ | ২১-১২-২০১৬ | ২৮-১২-২০১৬ | | |
| | | [২.৪] অভিযোগ প্রতিকার ব্যবস্থা বাস্তবায়ন | [২.৪.১] নিষ্পত্তিকৃত অভিযোগ | % | ১.০০ | | | ৯০ | ৮০ | ৭০ | ৬০ | ৫০ | | |

| কৌশলগত উদ্দেশ্য | কৌশলগত উদ্দেশ্যের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | একক | কর্মসম্পাদন সূচকের মান | ভিত্তি বছর ২০১৪-২০১৫ | প্রকৃত অর্জন* ২০১৫-২০১৬ | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০১৬-২০১৭ | | | | | প্রক্ষেপণ ২০১৭-২০১৮ | প্রক্ষেপণ ২০১৮-২০১৯ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যসমূহ | | | | | | | | | | | | | | |
| [৩] দক্ষতা ও নৈতিকতার উন্নয়ন | ৩ | [৩.১] সরকারি কর্মসম্পাদন ব্যবস্থাপনা সংক্রান্ত প্রশিক্ষণসহ বিভিন্ন বিষয়ে কর্মকর্তা/কর্মচারীদের জন্য প্রশিক্ষণ আয়োজন | [৩.১.১] প্রশিক্ষণের সময়* | জনঘন্টা | ১.০০ | | | ৬০ | ৫৫ | ৫০ | ৪৫ | ৪০ | | |
| | | [৩.২] জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়ন | [৩.২.১] ২০১৬-১৭ অর্থবছরের শুদ্ধাচার বাস্তবায়ন কর্মপরিকল্পনা এবং পরিবীক্ষণ কাঠামো প্রণীত ও দাখিলকৃত | তারিখ | ১.০০ | | | ৩১-০৭-২০১৬ | ১৪-০৮-২০১৬ | | | | | |
| | | | [৩.২.২] নির্ধারিত সময়সীমার মধ্যে ত্রৈমাসিক পরিবীক্ষণ প্রতিবেদন দাখিলকৃত | সংখ্যা | ১.০০ | | | ৪ | ৩ | ২ | | | | |
| [৪] কর্ম পরিবেশ উন্নয়ন | ৩ | [৪.১] অফিস ভবন ও আঙ্গিনা পরিচ্ছন্ন রাখা | [৪.১.১] নির্ধারিত সময়সীমার মধ্যে অফিস ভবন ও আঙ্গিনা পরিচ্ছন্ন | তারিখ | ১.০০ | | | ৩০-১১-২০১৬ | ৩১-১২-২০১৬ | ৩১-০১-২০১৭ | | | | |
| | | [৪.২] সেবা প্রত্যাশী এবং দর্শনার্থীদের জন্য টয়লেটসহ অপেক্ষাগার (waiting room) এর ব্যবস্থা করা | [৪.২.১] নির্ধারিত সময়সীমার মধ্যে সেবা প্রত্যাশী এবং দর্শনার্থীদের জন্য টয়লেটসহ অপেক্ষাগার চালুকৃত | তারিখ | ১.০০ | | | ৩০-১১-২০১৬ | ৩১-১২-২০১৬ | ৩১-০১-২০১৭ | | | | |
| | | [৪.৩] সেবার মান সম্পর্কে সেবাগ্রহীতাদের মতামত পরিবীক্ষণের ব্যবস্থা চালু করা | [৪.৩.১] সেবার মান সম্পর্কে সেবাগ্রহীতাদের মতামত পরিবীক্ষণের ব্যবস্থা চালুকৃত | তারিখ | ১.০০ | | | ৩০-১১-২০১৬ | ৩১-১২-২০১৬ | ৩১-০১-২০১৭ | | | | |
| [৫] তথ্য অধিকার ও স্বপ্রণোদিত তথ্য প্রকাশ বাস্তবায়ন জোরদার করা | ২ | [৫.১] তথ্য বাতায়ন হালনাগাদকরণ | [৫.১.১] তথ্য বাতায়ন হালনাগাদকৃত | % | ১.০০ | | | ১০০ | ৯০ | ৮০ | ৭৫ | ৭০ | | |
| | | [৫.২] মন্ত্রণালয়/বিভাগের বার্ষিক প্রতিবেদন প্রণয়ন ও প্রকাশ | [৫.২.১] বার্ষিক প্রতিবেদন ওয়েবসাইটে প্রকাশিত | তারিখ | ১.০০ | | | ১৫-১০-২০১৬ | ২৯-১০-২০১৬ | ১৫-১১-২০১৬ | ৩০-১১-২০১৬ | ১৫-১২-২০১৬ | | |
| [৬] আর্থিক ব্যবস্থাপনার উন্নয়ন | ১ | [৬.১] অডিট আপত্তি নিষ্পত্তি কার্যক্রমের উন্নয়ন | [৬.১.১] বছরে অডিট আপত্তি নিষ্পত্তিকৃত | % | ১.০০ | | | ৫০ | ৪৫ | ৪০ | ৩৫ | ৩০ | | |

*সাময়িক (provisional) তথ্য

আমি, সচিব, ডাক ও টেলিযোগাযোগ বিভাগ, মাননীয় মন্ত্রী, ডাক, টেলিযোগাযোগ ও তথ্যপ্রযুক্তি মন্ত্রণালয়-এর প্রতিনিধি হিসাবে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রীর প্রতিনিধি মন্ত্রিপরিষদ সচিবের নিকট অঙ্গীকার করছি যে, এই চুক্তিতে বর্ণিত ফলাফল অর্জনে সচেষ্ট থাকব।

আমি, মন্ত্রিপরিষদ সচিব, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রীর প্রতিনিধি হিসাবে সচিব, ডাক ও টেলিযোগাযোগ বিভাগ-এর নিকট অঙ্গীকার করছি যে, এই চুক্তিতে বর্ণিত ফলাফল অর্জনে প্রয়োজনীয় সহযোগিতা প্রদান করব।

স্বাক্ষরিত:

............................................
সচিব
ডাক ও টেলিযোগাযোগ বিভাগ
ডাক, টেলিযোগাযোগ ও তথ্যপ্রযুক্তি মন্ত্রণালয়

০৪/০৮/২০১৬
............................................
তারিখ

............................................
মন্ত্রিপরিষদ সচিব
মন্ত্রিপরিষদ বিভাগ

০৪.০৮.২০১৬
............................................
তারিখ

# শব্দসংক্ষেপ (Acronyms)

| ক্রমিক নম্বর | শব্দসংক্ষেপ (Acronyms) | বিবরণ |
|---|---|---|
| ১ | DPP | Development Project Proposal |
| ২ | BPDB | Bangladesh Power Development Board |
| ৩ | PDPP | Preliminary Development Project Proposal |
| ৪ | Node-B | 3G base station |
| ৫ | BTS | Base Transceiver Station for 2G |
| ৬ | Gbps | Gigabit per second |
| ৭ | ADSL | Asynchronous Digital Subscriber Line |
| ৮ | 3G | Third Generation Mobile Communications Technology |
| ৯ | 2G | Second Generation Mobile Communications Technology |
| ১০ | OFC | Optical Fibre Cable |
| ১১ | ইএমটিএস | ইলেকট্রনিক মানি'ট্রান্সফার সার্ভিস |
| ১২ | জিইপি | গ্যারান্টিড এক্সপ্রেস পোস্ট |
| ১৩ | পিওএস মেশিন | পয়েন্ট অব সেল মেশিন |
| ১৪ | PABX | Private Automatic Branch Exchange |
| ১৫ | PSTN | Public Switched Telephone Network |
| ১৬ | IP-PABX | Internet Protocol Private Automatic Branch Exchange |
| ১৭ | DESCO | Dhaka Electric Supply Company |
| ১৮ | বাকেশি | বাংলাদেশ কেবল শিল্প |
| ১৯ | ওএফসি | অপটিক্যাল ফাইবার কেবল |
| ২০ | এফকেএম | ফাইবার কিলোমিটার |
| ২১ | ICT | Information & Communication Technology |
| ২২ | এটিএম | অটোমেটেড টেলার মেশিন |
| ২৩ | ইউপিইউ | ইউনিভার্সাল পোস্টাল ইউনিয়ন |
| ২৪ | HDD | Horizontal Directional Drilling |
| ২৫ | 4G | Fourth Generation Mobile Communications Technology |
| ২৬ | বিটিসিএল | বাংলাদেশ টেলিকমিউনিকেশন্স কোম্পানি লিমিটেড |

## সংযোজনী- ২: কর্মসম্পাদন সূচকসমূহ, বাস্তবায়নকারী মন্ত্রণালয়/বিভাগ/সংস্থা এবং পরিমাপ পদ্ধতি-এর বিবরণ

| কার্যক্রম | কর্মসম্পাদন সূচকসমূহ | বিবরণ | বাস্তবায়নকারী দপ্তর/সংস্থা | পরিমাপ পদ্ধতি | উপাত্ত সূত্র |
|---|---|---|---|---|---|
| [১.১] অপটিক্যাল ফাইবার কেবল নেটওয়ার্ক উন্নয়ন | [১.১.১] নেটওয়ার্ক এর দৈর্ঘ্য | টেলিডেনসিটি বৃদ্ধি ও ইন্টারনেট পেনেট্রেশন সম্প্রসারণের লক্ষ্যে উপজেলা ও ইউনিয়ন পর্যায় পর্যন্ত অপটিক্যাল ফাইবার কেবল্ নেটওয়ার্কের সম্প্রসারণ। | বিটিসিএল | অপটিক্যাল ফাইবার কেবলের দৈর্ঘ্য পরিমাপক যন্ত্রের সাহায্যে স্থাপিত অপটিক্যাল ফাইবারের দৈর্ঘ্য পরিমাপ করা হয়। | বিটিসিএল এর ওয়েব সাইট/ বার্ষিক প্রতিবেদন/ অফিসিয়াল প্রতিবেদন/ ডাক ও টেলিযোগাযোগ বিভাগের মনিটরিং কমিটির প্রতিবেদন |
| [১.২] ব্যাকহল সার্ভিস-এর ব্যবহার বৃদ্ধি | [১.২.১] ব্যবহৃত ব্যাকহল ব্যান্ডউইডথ | বিএসসিসিএল, আইটিসি এবং অন্যান্য সার্ভিস প্রোভাইডারদেরকে দেশব্যাপী অপটিক্যাল ফাইবার ব্যাকহল প্রদান। | বিটিসিএল | সিস্টেম সফটওয়্যারের মাধ্যমে সংগ্রহ করা হয়। | বিটিসিএল এর ওয়েব সাইট/ বার্ষিক প্রতিবেদন/ অফিসিয়াল প্রতিবেদন |
| [১.৩] ইন্টারনেট সার্ভিস-এর ব্যবহার বৃদ্ধি | [১.৩.১] ব্যবহৃত ইন্টারনেট ব্যান্ডউইডথ | সরকারী, আধা-সরকারী, স্বায়ত্তশাসিত ও বে-সরকারী বিভিন্ন প্রতিষ্ঠানের পাশাপাশি আইসিটি সেবা সম্প্রসারণের লক্ষ্যে ইউনিয়ন পর্যায়ে ইন্টারনেট ব্যান্ডউইডথ প্রদান। | বিটিসিএল | সিস্টেম সফটওয়্যারের মাধ্যমে সংগ্রহ করা হয়। | বিটিসিএল এর ওয়েব সাইট/ বার্ষিক প্রতিবেদন/ অফিসিয়াল প্রতিবেদন |
| [১.৪] ADSL সার্ভিস | [১.৪.১] ADSL সংযোগ | সকল জেলা ও পর্যায়ক্রমে সকল উপজেলায় টেলিফোন লাইনের মাধ্যমে ব্রডব্যান্ড ইন্টারনেট সেবা প্রদান। | বিটিসিএল | সিস্টেম সফটওয়্যারের মাধ্যমে সংগ্রহ করা হয়। | বিটিসিএল এর ওয়েব সাইট/ বার্ষিক প্রতিবেদন/ অফিসিয়াল প্রতিবেদন |
| [১.৫] 3G ও 2G নেটওয়ার্ক সম্প্রসারণ | [১.৫.১] স্থাপিত Node-B | 3G নেটওয়ার্ক সম্প্রসারণের জন্য আনুষঙ্গিক যন্ত্রপাতিসহ দেশের বিভিন্ন স্থানে টাওয়ার স্থাপন। লক্ষ্যমাত্রা অর্জন প্রকল্পের যথাসময়ে অনুমোদন ও বিনিয়োগের উপর নির্ভরশীল। | টেলিটক বাংলাদেশ লিঃ | সরেজমিনে গণনা করে সংখ্যা নির্ণয় করা হয়। | টেলিটকের এপিএ অগ্রগতির মাসিক প্রতিবেদন/ ডাক ও টেলিযোগাযোগ বিভাগের মনিটরিং কমিটির প্রতিবেদন |
| | [১.৫.২] স্থাপিত BTS | 2G নেটওয়ার্ক সম্প্রসারণের জন্য আনুষঙ্গিক যন্ত্রপাতিসহ দেশের বিভিন্ন স্থানে টাওয়ার স্থাপন। | টেলিটক বাংলাদেশ লিঃ | সরেজমিনে গণনা করে সংখ্যা নির্ণয় করা হয়। | টেলিটকের এপিএ অগ্রগতির মাসিক প্রতিবেদন/ ডাক ও টেলিযোগাযোগ বিভাগের মনিটরিং কমিটির প্রতিবেদন |
| [১.৬] ভ্যালু অ্যাডেড সার্ভিস সম্প্রসারণ | [১.৬.১] মোবাইলের মাধ্যমে গৃহীত ভর্তির আবেদন | মোবাইলের মাধ্যমে শিক্ষা প্রতিষ্ঠানে ভর্তির আবেদন গ্রহণ। | টেলিটক বাংলাদেশ লিঃ | সিস্টেম সফটওয়্যারের মাধ্যমে সংগ্রহ করা হয়। | টেলিটকের এপিএ অগ্রগতির মাসিক প্রতিবেদন |
| | [১.৬.২] মোবাইলের মাধ্যমে পরিশোধিত ইউটিলিটি বিল | মোবাইলের মাধ্যমে ইউটিলিটি বিল পরিশোধ (যেমন, পল্লী বিদ্যুৎ এর বিল গ্রহণ)। | টেলিটক বাংলাদেশ লিঃ | সিস্টেম সফটওয়্যারের মাধ্যমে সংগ্রহ করা হয়। | টেলিটকের এপিএ অগ্রগতির মাসিক প্রতিবেদন প্রতিবেদন |
| | [১.৬.৩] অনলাইনে সম্পাদিত ছাত্র ভর্তির রেজিস্ট্রেশান | অনলাইনে শিক্ষা প্রতিষ্ঠানে রেজিস্ট্রেশন। | টেলিটক বাংলাদেশ লিঃ | সিস্টেম সফটওয়্যারের মাধ্যমে সংগ্রহ করা হয়। | টেলিটকের এপিএ অগ্রগতির মাসিক প্রতিবেদন |

| কার্যক্রম | কর্মসম্পাদন সূচকসমূহ | বিবরণ | বাস্তবায়নকারী দপ্তর/সংস্থা | পরিমাপ পদ্ধতি | উপাত্ত সূত্র |
|---|---|---|---|---|---|
| [১.৭] টেলিযোগাযোগ পণ্য ও সরঞ্জামাদি উৎপাদন | [১.৭.১] উৎপাদিত অপটিক্যাল ফাইবার কেবল | বিটিসিএল-সহ বিভিন্ন দপ্তর/সংস্থা/প্রতিষ্ঠানের চাহিদার উপর ভিত্তি করে উৎপাদন করা হয়। | বাংলাদেশ কেবল শিল্প লিমিটেড, খুলনা। | মেসিনের রিডিং হতে কেবলের দৈর্ঘ সংগ্রহ করে ফাইবার সংখ্যা দ্বারা গুণ করে পরিমাপ গ্রহণ করা হয়। | বাকেশির ওয়েব সাইট/ বার্ষিক প্রতিবেদন |
| | [১.৭.২] উৎপাদিত/সংযোজিত ল্যাপটপ | ডাক অধিদপ্তর-সহ বিভিন্ন দপ্তর/সংস্থা/প্রতিষ্ঠানের চাহিদার উপর ভিত্তি করে প্রস্তুত করা হয়। | টেলিফোন শিল্প সংস্থা লিঃ | সরেজমিনে গণনা করে সংখ্যা নির্ণয় করা হয়। | টেশিস ওয়েবসাইট ও বার্ষিক রিপোর্ট |
| | [১.৭.৩] উৎপাদিত/সংযোজিত ডিজিটাল মিটার | DESCO-সহ বিভিন্ন দপ্তর/সংস্থা/প্রতিষ্ঠানের চাহিদার উপর ভিত্তি করে প্রস্তুত করা হয়। | টেলিফোন শিল্প সংস্থা লিঃ | সরেজমিনে গণনা করে সংখ্যা নির্ণয় করা হয়। | টেশিস ওয়েবসাইট ও বার্ষিক রিপোর্ট |
| | [১.৭.৪] উৎপাদিত/সংযোজিত টেলিফোন সেট | বিটিসিএল-সহ বিভিন্ন দপ্তর/সংস্থা/প্রতিষ্ঠানের চাহিদার উপর ভিত্তি করে প্রস্তুত করা হয়। | টেলিফোন শিল্প সংস্থা লিঃ | সরেজমিনে গণনা করে সংখ্যা নির্ণয় করা হয়। | টেশিস ওয়েবসাইট ও বার্ষিক রিপোর্ট |
| | [১.৭.৫] উৎপাদিত/সংযোজিত পিএবিএক্স | বিভিন্ন দপ্তর/সংস্থা/প্রতিষ্ঠানের চাহিদার উপর ভিত্তি করে প্রস্তুত করা হয়। | টেলিফোন শিল্প সংস্থা লিঃ | সরেজমিনে গণনা করে সংখ্যা নির্ণয় করা হয়। | টেশিস ওয়েবসাইট ও বার্ষিক রিপোর্ট |
| [১.৮] আন্তর্জাতিক ডাটা ও ইন্টারনেট সংযোগ-এর বিক্রয় বৃদ্ধি | [১.৮.১] বিক্রয়কৃত ডাটা ও ইন্টারনেট | ব্যান্ডউইডথ এর বিক্রির পরিমান বৃদ্ধি করার জন্য বিএসসিসিএল নিবিড় পরিকল্পনা গ্রহণ করেছে। এক্ষেত্রে ব্যান্ডউইডথ এর মূল্য সব ধরনের সার্ভিসের ক্ষেত্রে কমানোর পদক্ষেপ নেয়া হয়েছে। | বিএসসিসিএল | সিস্টেম সফটওয়্যারের মাধ্যমে সংগ্রহ করা হয়। | বিএসসিসিএল বার্ষিক প্রতিবেদন ও ওয়েবসাইট |
| [২.১] ডাক সেবার পরিধি সম্প্রসারণ | [২.১.১] আদান প্রদানকৃত জিইপি | জিইপি অর্থ বিশেষায়িত অভ্যন্তরীণ দ্রুতগামী ডাকসেবা যা ঢাকা শহরের সকল পোস্ট অফিসসহ উপজেলা ডাকঘর হতে প্রদান করা হয়। স্বল্প সময়ে নিরাপত্তার সাথে বিলির নিশ্চয়তা প্রদানকারী ডাক সেবা জিইপি গ্রহণ, প্রেরণ ও বিতরণ মানের নির্দেশক হিসেবে বিবেচিত হয়। | বাংলাদেশ ডাক বিভাগ | সরেজমিনে গণনা করে সংখ্যার হিসাব রাখা হয় এবং প্রয়োজনীয় সময়ের সংখ্যা নির্ণয় করা হয়। | ডাক অধিদপ্তরের বার্ষিক প্রতিবেদন |
| | [২.১.২] আদান প্রদানকৃত চিঠিপত্র এবং পার্সেল | ডাকদ্রব্য, অর্থ, চিঠি, পোস্ট কার্ড, সংবাদপত্র, বই, নমুনা প্যাকেট, পার্সেল প্রভৃতি যা ডাক মারফত পরিবাহিত হয়ে থাকে। গ্রহণ, প্রেরণ ও বিতরণ মানের নির্দেশক হিসেবে বিবেচিত হয়। | বাংলাদেশ ডাক বিভাগ | সরেজমিনে গণনা করে সংখ্যার হিসাব রাখা হয় এবং প্রয়োজনীয় সময়ের সংখ্যা নির্ণয় করা হয়। | ডাক অধিদপ্তরের বার্ষিক প্রতিবেদন |
| [২.২] ইলেক্ট্রনিক মানি অর্ডার সার্ভিসের ক্ষেত্র সম্প্রসারণ | [২.২.১] বৃদ্ধিপ্রাপ্ত ইলেকট্রনিক মানি অর্ডার সার্ভিস প্রদানকারী পোস্ট অফিস এবং ই-সেন্টার | ইলেকট্রনিক মানি ট্রান্সফার সার্ভিস অর্থ মোবাইল মানি অর্ডার সার্ভিস। এ সার্ভিসে মোবাইল ফোনের মাধ্যমে প্রেরক ডাক বিভাগ থেকে প্রাপকের নিকট মানি অর্ডার প্রেরণ করতে পারেন। মোবাইল ফোন প্রযুক্তি ব্যবহার করে ডাক বিভাগ এ সার্ভিসটি ২০১০ সালে শুরু করেছে। | বাংলাদেশ ডাক বিভাগ | সংশ্লিষ্ট নথি হতে হিসাব গ্রহণ করা হয়। | ডাক অধিদপ্তরের বার্ষিক প্রতিবেদন |

| কার্যক্রম | কর্মসম্পাদন সূচকসমূহ | বিবরণ | বাস্তবায়নকারী দপ্তর/সংস্থা | পরিমাপ পদ্ধতি | উপাত্ত সূত্র |
|---|---|---|---|---|---|
| [২.৩] পোস্টাল ক্যাশকার্ডের ক্ষেত্র সম্প্রসারণ | [২.৩.১] পোস্টাল ক্যাশকার্ড সার্ভিস প্রদানকারী পোস্ট অফিস/পোস্ট ই-সেন্টার | পোস্টাল ক্যাশ কার্ড একধরণের ডেবিট কার্ড যার মাধ্যমে গ্রাহক নির্ধারিত ডাকঘর থেকে টাকা লেনদেন করতে পারেন এবং টাকা প্রেরণ করতে পারেন। এই কার্ডের মাধ্যমে এটিএম বুথ থেকে টাকা উঠানো যায় এবং দোকানে কেনা কাটা করা যায়। | বাংলাদেশ ডাক বিভাগ | সংশ্লিষ্ট নথি হতে হিসাব গ্রহণ করা হয়। | পোস্টাল ক্যাশকার্ড সংক্রান্ত পুস্তিকা/ডাক অধিদপ্তরের বার্ষিক প্রতিবেদন |
| | [২.৩.২] বিক্রীত ম্যাগনেটিক স্ট্রিপ (Magnetic Strip) সম্বলিত পোস্টাল ক্যাশ কার্ড | ম্যাগনেটিক স্ট্রিপ যুক্ত পোস্টাল ক্যাশ কার্ড এটি মূলত একটি ডেবিট কার্ড। উচ্চ প্রযুক্তি সম্পন্ন এ কার্ডের মাধ্যমে ডাকঘর হতে টাকা জমা ও উত্তোলন করা যায় এবং নগদ টাকা বহনের ঝুঁকি হ্রাস করে। | বাংলাদেশ ডাক বিভাগ | সংশ্লিষ্ট রেজিস্টার হতে হিসাব গ্রহণ করা হয়। | ডাক অধিদপ্তরের প্রতিবেদন |
| [২.৪] আইসিটি ভিত্তিক ডিজিটাল ডাক সার্ভিস প্রদানের উদ্দেশ্যে পোস্ট ই-সেন্টারের সেবা সম্প্রসারণ | [২.৪.১] স্থাপিত পোস্ট-ই-সেন্টার | পোস্ট ই-সেন্টার গ্রামীণ জনগণকে তথ্য প্রযুক্তি সম্পন্ন সেবা প্রদানের জন্য পোস্ট ই-সেন্টার থেকে গ্রামীণ জনগণ ইন্টারনেটের মাধ্যমে দেশে বিদেশে তথ্য আদান প্রদান করতে পারছেন। | বাংলাদেশ ডাক বিভাগ | সরেজমিনে গণনা করে সংখ্যা নির্ণয় করা হয়। | ডাক অধিদপ্তরের প্রতিবেদন/ ডাক ও টেলিযোগাযোগ বিভাগের মনিটরিং কমিটির প্রতিবেদন |
| [২.৫] ডিজিটাল পদ্ধতিতে আর্থিক লেনদেন সুবিধা নিশ্চিতকরণ | [২.৫.১] স্থাপিত এটিএম বুথ | স্বয়ংক্রিয় অর্থ প্রদানকারী যন্ত্র যা উচ্চ প্রযুক্তি সম্পন্ন। এ সকল বুথ থেকে ডেবিট বা ক্রেডিট কার্ডের মাধ্যমে গ্রাহকগণ প্রয়োজন মত অর্থ উত্তোলন করতে পারেন। বাংলাদেশ ডাক বিভাগ সোনালী ব্যাংক লিমিটেড এর সাথে যৌথভাবে ইতোমধ্যে ৮টি এটিএম বুথ স্থাপন করেছে। সারাদেশে আরো ১২০০ টি বুথ পর্যায়ক্রমিকভাবে স্থাপন করা হবে। | বাংলাদেশ ডাক বিভাগ | সরেজমিনে গণনা করে সংখ্যা নির্ণয় করা হয়। | ডাক অধিদপ্তরের প্রতিবেদন/ ডাক ও টেলিযোগাযোগ বিভাগের মনিটরিং কমিটির প্রতিবেদন |
| | [২.৫.২] চালুকৃত পিওএস মেশিন | পিওএস মেশিন অর্থ পয়েন্ট অফ সেল মেশিন যা এটিএম এর ক্ষুদ্র বহনযোগ্য সংস্করণ। দোকানে পোস্টাল ক্যাশকার্ড দিয়ে সকল মেশিনের মাধ্যমে গ্রাহকগণ কেনা-কাটা করতে পারে। | বাংলাদেশ ডাক বিভাগ | সরেজমিনে গণনা করে সংখ্যা নির্ণয় করা হয়। | ডাক অধিদপ্তরের প্রতিবেদন/ ডাক ও টেলিযোগাযোগ বিভাগের মনিটরিং কমিটির প্রতিবেদন |
| [২.৬] গ্রামীণ পোস্ট অফিস নির্মাণ | [২.৬.১] নির্মিত গ্রামীণ পোস্ট অফিস | গ্রামীণ জনগণকে তথ্য প্রযুক্তি সেবাদানের উপযোগী করে গ্রামীণ ডাকঘরের অবকাঠামো নির্মাণ যেখান থেকে যাবতীয় পরিসেবা প্রদান করা সম্ভব। | বাংলাদেশ ডাক বিভাগ | সরেজমিনে গণনা করে সংখ্যা নির্ণয় করা হয়। | ডাক অধিদপ্তরের প্রতিবেদন/ ডাক ও টেলিযোগাযোগ বিভাগের মনিটরিং কমিটির প্রতিবেদন |

## সংযোজনী ৩: অন্যান্য মন্ত্রণালয়/বিভাগের/অধিদপ্তর/সংস্থা-এর নিকট প্রত্যাশিত সুনির্দিষ্ট কর্মসম্পাদন সহায়তাসমূহ

| প্রতিষ্ঠানের ধরণ | প্রতিষ্ঠানের নাম | সংশ্লিষ্ট কর্মসম্পাদন সূচক | উক্ত প্রতিষ্ঠানের নিকট সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগের প্রত্যাশিত সহায়তা | প্রত্যাশার যৌক্তিকতা | প্রত্যাশা পূরণ না হলে সম্ভাব্য প্রভাব |
|---|---|---|---|---|---|
| অন্যান্য | সড়ক ও জনপথ বিভাগ, স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর (এলজিইডি)/ স্থানীয় সরকার বিভাগ/ সিটি কর্পোরেশন/ পৌরসভা/ ইউনিয়ন পরিষদ | নেটওয়ার্ক এর দৈর্ঘ্য | ক্ষতিপূরণ ব্যতীত রাস্তা কাটার অনুমোদন | জেলা হতে উপজেলা সমূহের দিকে এবং উপজেলা হতে ইউনিয়ন পরিষদ সমূহের দিকে রাস্তা খনন এবং HDD দ্বারা অপটিক্যাল ফাইবার কেবল্ স্থাপন করা হয় বিধায় ক্ষতিপূরণ ব্যতীত রাস্তা কাটার অনুমোদন প্রয়োজন। সংশ্লিষ্ট মাঠ পর্যায়ের কর্মকর্তাগণের দ্রুত সহযোগিতা এক্ষেত্রে অতীব জরুরী। | সংশ্লিষ্ট সংস্থাসমূহের আওতাধীন এলাকার অপটিক্যাল ফাইবার কেবল স্থাপন করা সম্ভবপর হবে না। ফলতঃ সংশ্লিষ্ট কর্মসূচক অর্জন প্রক্রিয়া ক্ষতিগ্রস্ত হবে। |
| অন্যান্য | সড়ক ও জনপথ অধিদপ্তর/ সিটি কর্পোরেশন/ ওয়াসা/ বিদ্যুৎ সংস্থাসমূহ (বিপিডিবি, পিজিসিবি, ডিপিডিসি ইত্যাদি)/ অন্যান্য সেবা সংস্থাসমূহ (তিতাস ইত্যাদি) | ADSL সংযোগ,ব্যবহৃত ব্যাকহল ব্যান্ডউইডথ | বিটিসিএল এর অপটিক্যাল ফাইবার কেবল্ ও কপার কেবল্ এর নিরাপত্তা প্রদান | বিটিসিএল এর অপটিক্যাল ফাইবার কেবল্ ও কপার কেবল্ রুটে সংস্থাসমুহের মেরামত বা খনন কাজ করার সময় অধিকতর সতর্কতা অবলম্বন করা প্রয়োজন যাতে অপটিক্যাল ফাইবার ও কপার কেবল্ ক্ষতিগ্রস্ত না হয়। | লিংক/ কেবল্ ক্ষতিগ্রস্ত হওয়ায় গুরুত্বপূর্ণ সেবাসমুহে ব্যঘাত ঘটে। এতে সংশ্লিষ্ট কর্মসূচক অর্জন প্রক্রিয়া ব্যাহত হতে পারে। |
| অন্যান্য | বিপিডিবি/ WZPDCL2/ NWZPDCL3/SZPDCL4/ পল্লী বিদ্যুৎ সমিতি | নেটওয়ার্ক এর দৈর্ঘ্য | বিদ্যুৎ সংযোগের অনুমোদন | ইউনিয়ন পরিষদসমূহে স্থাপিত অপটিক্যাল ফাইবার কেবল যন্ত্রপাতিসমূহ কার্যকর করার জন্য বিদ্যুৎ সংযোগ প্রয়োজন। | ইউনিয়ন পরিষদ সমূহে অপটিক্যাল ফাইবার কেবল্ সংযোগ চালু করা সম্ভব হবে না। |
| অন্যান্য | বিপিডিবি /পল্লী বিদ্যুৎ সমিতি | স্থাপিত BTS,স্থাপিত Node-B | বাণিজ্যিক বিদ্যুৎ সংযোগ | Node B ও BTS অপারেশনের জন্য বিদ্যুৎ সংযোগ অপরিহার্য | লক্ষ্যমাত্রার চেয়ে কম সংখ্যক Node B ও BTS স্থাপিত হবে। |
| অন্যান্য | স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয় | বিক্রীত ম্যাগনেটিক স্ট্রিপ (Magnetic Strip) সম্বলিত পোস্টাল ক্যাশ কার্ড | বিভিন্ন সামাজিক নিরাপত্তা বেষ্টনীর ভাতা পোস্টাল ক্যাশ কার্ডের মাধ্যমে প্রদান | পোস্টাল ক্যাশ কার্ডের মাধ্যমে সামাজিক নিরাপত্তা বেষ্টনীর ভাতা প্রদান করা হলে দ্রুত ও নিশ্চিতভাবে উপকারভোগীর নিকট অর্থ পৌঁছাবে। ফলে বাংলাদেশ ডাক বিভাগের আয় বাড়বে এবং পারস্পরিক সুবিধা নিশ্চিত হবে। | প্রত্যাশা পূরণ না হলে কোন নেতিবাচক প্রভাব ডাক বিভাগ এর উপর পড়বে না। |
| অন্যান্য | তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ | উৎপাদিত অপটিক্যাল ফাইবার কেবল | অপটিক্যাল ফাইবার কেবলের পর্যাপ্ত ক্রয়াদেশ প্রদান | তথ্য প্রযুক্তি বিভাগের তত্বাবধানে বেসরকারি সংস্থার মাধ্যমে পরিচালিত বিভিন্ন প্রকল্পের (যেমনঃ ৩৫০০ ইউনিয়ন পরিষদ অপটিক্যাল ফাইবার কেবল নেটওয়ার্ক উন্নয়ন প্রকল্প) এর বিভিন্ন প্রকল্পের অপটিক্যাল ফাইবার কেবল বাকেশি হতে সরাসরি ক্রয়। | উৎপাদন প্রক্রিয়া ব্যাহত হবে। ফলতঃ সংশ্লিষ্ট কর্মসূচক অর্জন প্রক্রিয়া ক্ষতিগ্রস্ত হবে। |